

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০২.০০.০০২.২০০৯- ৩২-১

তারিখ : ৫ মাঘ ১৪২৪
১৮ জানুয়ারী ২০১৮

বিষয় : এলজিইডি'র উপজেলা প্রকৌশলী জনাব মোঃ গোলাম মোস্তফা কর্তৃক (বর্তমানে বরখাস্তকৃত), প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকা এর আদালতে দায়েরকৃত এ.টি. মামলা নং-৩৩/২০১১ (নতুন), ১৩০/২০০৯ (পুরাতন) এর ২২.৬.২০১৪ তারিখের রায় বাস্তবায়ন না করায় বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক বাস্তবায়ন মামলা নং-১/২০১৭ এর নোটিশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ.টি. মামলার বাদী জনাব মোঃ গোলাম মোস্তফা, উপজেলা প্রকৌশলী (চাকুরী হতে বরখাস্তকৃত), পাটগ্রাম- নীলফামারী জেলায় কর্মরত থাকাকালীন সময়ে ত্রুটিপূর্ণ কাজ সংশোধন না করে চূড়ান্ত বিল ও জামানতের টাকা অগ্রিম পরিশোধের কারণে দায়িত্বহীনতা, কর্তব্য কাজে অবহেলা ও দুর্নীতির দায়ে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হয়। তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকা এর আদালতে এ.টি. মামলা নং-৩৩/২০১১ (নতুন) এবং ১৩০/২০০৯ (পুরাতন) দায়ের করেন। বিজ্ঞ ট্রাইব্যুনাল মামলার বাদীর পক্ষে রায় ঘোষণা করেন। রায়ের অসম্মতিতে সরকার পক্ষে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করা হলে তা খারিজ হয়ে যায়। অতঃপর বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষে লীড-টু-আপীল দায়ের করা হলে আপীল বিভাগ তা তামাদি জনিত কারণে খারিজ করে দেন।

২। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-১ শাখা হতে আপীল বিভাগের রায়ের অসম্মতিতে রিভিউ পিটিশন দায়ের করার জন্য অনুরোধ করা হলে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে আপীল মামলা নং-১৫১/২০১৫ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত লীড-টু-আপীল নং-২৭৭১/২০১৫ এর রায়ের বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়ের করার জন্য এ বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী শেখ শফিক মাহমুদ পুষ্পকে দায়িত্ব প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, এ.টি. মামলা নং-৩৩/২০১১ (নতুন), ১৩০/২০০৯ (পুরাতন) হতে উদ্ভূত বাস্তবায়ন মামলা নং-১/২০১৭ এর ৩১.১২.২০১৭ তারিখের আদেশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ট্রাইব্যুনালে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে-----ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোন:+৮৮০২-৯৫৪০৯৯৫

e-mail: dslaw1.lgd.gov@gmail.com

জনাব স্বপন কুমার আইচ
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। রেজিস্ট্রার, প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকা।